# পত্নীতলা উপজেলার আইসিটি কমিটির ফেব্রুয়ারি-২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব টুকটুক তালুকদার<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি<br>উপজেলা আইসিটি কমিটি, পত্নীতলা, নওগাঁ। |
| প্রধান অতিথিঃ | জনাব মোঃ আব্দুল গাফফার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা<br>উপজেলা আইসিটি কমিটি, পত্নীতলা, নওগাঁ। |
| সভার স্থানঃ | উপজেলা পরিষদ মিলনায়তন |
| সভার তারিখঃ | ফেব্রুয়ারি ২৯, ২০২৪ খ্রিষ্টাব্দ |
| সময়ঃ | সকাল ১১.৩০ ঘটিকা |
| **সভায় উপস্থিতির তালিকাঃ** | **পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য** |

০১। সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন উন্নত, সমৃদ্ধ, স্মার্ট বাংলাদেশ গড়ার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কমিটিকে তাদের কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বলেন এবং কার্যক্রম অব্যাহত রেখে স্মার্ট বাংলাদেশ গঠনের আশা ব্যক্ত করেন। অতঃপর তিনি সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান।

০৩। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব টুকটুক তালুকদার এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোছাঃ কুলছুম খাতুন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর সম্পর্কে ধারণা প্রদান ও এর কার্যাবলি তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব মোছাঃ কুলছুম খাতুন তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পর্যায় জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ আছে কিনা এটা সদস্য সচিবকে যাচাই করার জন্য বলা হয়।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য তথ্যবাতায়নে হালনাগাদ করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার। |
| ০৩ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ই-গভর্নেন্স প্রতিষ্ঠার লক্ষ্যে উপজেলার ২০ টি দপ্তরের দপ্তর প্রধানকে ই-নথি ও ডি-নথি এবং একজন করে কর্মচারীকে ই-নথির প্রশিক্ষন দেওয়া হয়েছে।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালিত করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার। |
| ০৪ | প্রশিক্ষণ সংক্রান্ত | (ক) জাতীয় তথ্য বাতায়ন কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান সহ অন্যান্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন বলে সভায় মনে করা হয়। সভায় সভাপতি মহোদয় সকল সদস্যগণের প্রশিক্ষণ প্রদানের জন্য সদস্য সচিবকে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত জানান।<br>(খ) বিভিন্ন দপ্তরের কর্মচারিদের ও ই-নথির প্রশিক্ষন দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন | অর্থায়নে নিজস্ব দপ্তর, সহযোগী প্রকল্প। বাস্তবায়নে সহকারি প্রোগ্রামার। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | বলে সভায় মনে করা হয়।<br>প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে, বিভিন্ন প্রকল্পের সহযোগীতায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বিশেষ সহযোগীতায় সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণের ব্যবস্থা করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ল্যাব সংক্রান্ত সকল নীতিমালা সরাসরি বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ দেয়া ও প্রতি মাসে ল্যাবগুলোকে সার্বক্ষনিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার। |
| ০৬ | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার ও সাইবার নিরাপত্তা বিষয়ক | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের মাধ্যমে জনগনকে সচেতন করা হয়। সাইবার অপরাধের বিস্তার রোধে করণীয় সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রমের পাশাপাশি আইনের শক্ত প্রয়োগ এর প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে যথেষ্ট সচেতন হবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকলে |
| ০৭ | অন্যান্য | সভায় বক্তাগণ স্মার্ট বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকলে |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জনাব টুকটক তালুকদার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
পত্নীতলা, নওগাঁ।
ফোনঃ ০৭৪২৮-৬৩০০৪
unopatnitola@mopa.gov.bd

CamScanner